

# ধান গবেষণা সম্মাচার

BRI  
NEWSLETTER



পঁয়ত্রিশ বর্ষ

সংখ্যা ২

চৈত্র ১৪৩১-জ্যৈষ্ঠ ১৪৩২

April-June 2025

## ব্রিতে কর্মশালা অনুষ্ঠিত স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন কার্যক্রম এগিয়ে চলছে

ব্রিতে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন কার্যক্রম এগিয়ে চলছে। ইতোমধ্যে নতুন আঞ্চলিক কার্যালয় ও স্যাটেলাইট স্টেশন স্থাপন, গবেষণা ল্যাব উন্নয়ন, ব্রি উদ্ভাবিত প্রযুক্তিসমূহ দ্রুত কৃষক পর্যায়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে প্রযুক্তি গ্রাম নির্বাচন, স্থানীয়ভাবে জার্মপ্লাজম সংগ্রহ, ব্রির অবমুক্ত জাতের গড় ফলন বৃদ্ধির লক্ষ্যে কৃষক পর্যায়ে উন্নতমানের বীজ উৎপাদন, বীজ প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ, কার্যকরী গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে ব্রির জনবলের উচ্চ শিক্ষা এবং প্রযুক্তি হস্তান্তর ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ কর্মীসহ ব্রির জনবল এবং কৃষকের প্রশিক্ষণ চলমান রয়েছে। গত ২১ জুন ২০২৫



‘নতুন ৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন (এলএসটিডি)’ শীর্ষক প্রকল্প কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিচালনা অনুবিভাগ) মো. মাহবুবুল হক পাটওয়ারী

লক্ষ্যে ব্রির জনবলের উচ্চ শিক্ষা এবং প্রযুক্তি হস্তান্তর ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ কর্মীসহ ব্রির জনবল এবং কৃষকের প্রশিক্ষণ চলমান রয়েছে। গত ২১ জুন ২০২৫

বাকী অংশ পৃষ্ঠা ৫

## Workshop held at BRRI Advancement of Location-Specific Rice Varieties and Technology Development Activities

Location-specific rice variety and technology development, along with the improvement of existing research laboratories, are progressing at Bangladesh Rice Research Institute (BRRI). Under these initiatives, new regional stations and satellite stations have already been established, research laboratories are being upgraded and “Technology Villages” are being selected

to ensure the rapid transfer of BRRI-developed technologies to farmers.

In addition, local germplasm is being selected; See page 5

## ব্রি উদ্ভাবিত ‘রাইস ট্রান্সপ্লান্টার’ ব্যবহারে রোপণ খরচ ২০-২৫% কমানো এবং ফলন ১০-১৫% বাড়ানো সম্ভব

ব্রি উদ্ভাবিত “রাইস ট্রান্সপ্লান্টার কাম ফার্টিলাইজার অ্যাপ্লিকেশন” প্রযুক্তি ব্যবহার করে রোপণ খরচ ২০-২৫% কমানো এবং ধানের ফলন ১০-১৫% পর্যন্ত বাড়ানো সম্ভব। ১৫ এপ্রিল ২০২৫ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে ‘ভ্যালিডেশন অ্যান্ড আপস্কেলিং অব রাইস ট্রান্সপ্লান্টিং অ্যান্ড হারভেস্টিং টেকনোলজিস ইন দ্য সিলেক্টেড সাইটস অব বাংলাদেশ (ভিআরটিএইচবি)’



ব্রি সদর দপ্তরে “ভিআরটিএইচবি শীর্ষক প্রকল্পের সমাপনী” কর্মশালা অনুষ্ঠিত হয়

শীর্ষক প্রকল্পের সমাপনী কর্মশালায় এ তথ্য জানানো হয়। কেজিএফ (কৃষি গবেষণা ফাউন্ডেশন)-বিকেজিইটি

বাকী অংশ পৃষ্ঠা ৪

## Using BRRI-Invented Rice Transplanter Can Reduce Planting Costs by 20–25% and Increase Yield by 10–15%

Using the BRRI-invented “Rice Transplanter cum Fertilizer Applicator”, farmers can reduce rice planting costs by 20–25 percent and increase yields by 10–15 percent, according to findings shared at the closing workshop of the project “Validation and Upscaling of Rice Transplanting and Harvesting Technologies in the Selected Sites of

Bangladesh (VRTHB)” held on 15 April 2025 at the Bangladesh Rice Research Institute (BRRI). See page 4

## ব্রি পরিদর্শনে এনডিসি প্রতিনিধি দল

জাতীয় প্রতিরক্ষা কোর্স (এনডিসি) এর ১১০ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৬ জুন ২০২৫ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) পরিদর্শন করেছেন। এ উপলক্ষে ব্রির অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান।

অনুষ্ঠানে মাননীয় মহাপরিচালক প্রতিনিধি দলকে স্বাগত জানান এবং উচ্চ ফলনশীল জাতসহ বিভিন্ন লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নের ক্ষেত্রে ইনস্টিটিউটের অর্জন ও সাফল্য এবং জাতীয় অর্থনীতিতে এর অবদান সম্পর্কে সচিত্র উপস্থাপনার মাধ্যমে তাদের অবহিত করেন। পরে এনডিসি প্রতিনিধি দল ব্রি রাইস মিউজিয়াম, ফার্ম মেশিনারি শেড, ব্রি জিন ব্যাংক পরিদর্শন করেন। এ সময় পরিদর্শন দলের সদস্যবৃন্দ ব্রির নানা সাফল্য ও অর্জন সম্পর্কে অবগত হন এবং সন্তোষ প্রকাশ করেন।

রিয়র এডমিরাল এ কে এম জাকির হোসেনের নেতৃত্বাধীন প্রতিনিধি দলে ১৯টি দেশের উর্ধ্বতন সামরিক-বেসামরিক কর্মকর্তাগণ এ পরিদর্শনে অংশ নেন। দেশগুলো হলো বাংলাদেশ, ভারত, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, মালি, শ্রীলঙ্কা, সৌদি আরব, চীন, দক্ষিণ সুদান, তানজানিয়া, জর্ডান, ওমান, কাতার, কুয়েত, কেনিয়া, নেপাল, নাইজেরিয়া, পাকিস্তান এবং জাম্বিয়া। অনুষ্ঠানে ব্রির কর্মকর্তা ও পরিদর্শন দলের সদস্যদের মধ্যে



ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান এনডিসি প্রতিনিধি দলের প্রধান রিয়র এডমিরাল এ কে এম জাকির হোসেনের হাতে ফ্রেস্ট তুলে দিচ্ছেন

বাকী অংশ পৃষ্ঠা ৫

## NDC team visits BRRI

A 110-member-team of National Defense Course (NDC) visited Bangladesh Rice Research Institute (BRRI) on 16 June 2025 in Gazipur. BRRI Director General Dr Mohammad Khalequzzaman presided over the meeting organized on the occasion of the visit at

the auditorium of the institute.

Dr Mohammad Khalequzzaman offered a hearty welcome to the team at the institute and briefed the team members about the institute focusing on its main features including its success in development of high yielding rice varieties and other appropriate technologies as well as their impact on the

national economy. The NDC team, headed by Rear Admiral A K M Jakir Hossain, was impressed after being informed about BRRI's successes and achievements and after visiting the BRRI Rice Museum, Farm Machinery Shed and BRRI Gene Bank. Higher military and civil officials from 19 countries including Bangladesh, India, Indonesia, Malaysia, Mali, Sri Lanka, Saudi Arabia, China, South Sudan, Tanzania, Jordan, Oman, Qatar, Kuwait, Kenya Participated in the visiting team. Nepal, Nigeria, Pakistan and Zambia took part in the visit programme.

## ব্রিতে আরসিজিএস প্রকল্পের পরিচিতি কর্মশালা অনুষ্ঠিত

গত ১৭ এপ্রিল ২০২৫ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে “ব্রি সাপোর্ট টু সাকসেসফুল ইমপ্লিমেন্ট র‍্যাপিড সাইক্ল জিনোমিক সিলেকশন (আরসিজিএস)” প্রকল্পের পরিচিতি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান। ব্রির পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্সুজান খানম এবং আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) বাংলাদেশ এর



ব্রি সদর দপ্তরে “ব্রি সাপোর্ট টু সাকসেসফুল ইমপ্লিমেন্ট র‍্যাপিড সাইক্ল জিনোমিক সিলেকশন (আরসিজিএস)” প্রকল্পের পরিচিতি কর্মশালা অনুষ্ঠিত হয়

সিনিয়র সাইন্টিস্ট এবং রাইস ব্রিডার ড. মো. রফিকুল ইসলাম। সম্মানিত অতিথি ছিলেন গেটস্ ফাউন্ডেশনের সিনিয়র প্রোগ্রাম অফিসার ড. গ্যারি অ্যাটলিন। স্বাগত বক্তব্য রাখেন ব্রির উদ্ভিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. পার্থ সারথী বিশ্বাস।

## Inception Workshop on the RCGS Project held at BRRI

The inception Workshop on the project titled ‘BRRI support to successfully implement Rapid Cycle Genomic Selection (RCGS)-BRRI’ was held on 17 April 2025 at the BRRI training complex conference room in Gazipur. The workshop was chaired by BRRI Director (Research) Dr Md Rafiqul Islam, while BRRI Director General Dr Mohammad Khalequazzaman attended the event as the chief guest. BRRI Director (Administration and Common Service) Dr Munnujan

Khanam and Dr Mohammad Rafiqul Islam, Senior scientist and rice breeder at International Rice Research Institute (IRRI), were present as special guests. Senior Programme Officer of Gates Foundation Dr Gary Atlin was the guest of honour. Chief Scientific Officer and head of BRRI Plant Breeding Division Dr Khandakar

See page 5

## ব্রিতে বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) গত ১৪ এপ্রিল ২০২৫ (০১ বৈশাখ ১৪৩২) বাংলা নববর্ষ উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষে সকাল ৮:০০ টায় ব্রি কো-অপারেটিভ মার্কেটের সামনে থেকে একটি বর্ষবরণ শোভাযাত্রা বের হয়ে ব্রি সদর দপ্তরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। ব্রি মাননীয় মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান শোভাযাত্রার নেতৃত্ব দেন। শোভাযাত্রা শেষে প্রধান অতিথির বক্তব্যে ড. মোহাম্মদ খালেকুজ্জামান সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানান।

শোভাযাত্রায় ব্রি সকল বিভাগীয় ও শাখা প্রধানগণ, সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক ও বি আর আর আই উচ্চ বিদ্যালয় এবং ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ অংশ নেন। এছাড়াও বাংলার নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে ব্রি স্কুল মাঠে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষে বর্গাঢ্য শোভাযাত্রা

## BRRi Celebrates Bangla New Year 1432

The Bengali New Year was celebrated on 14 April 2025 (01 Baishakh 1432) at the Bangladesh Rice Research Institute (BRRi). On this occasion, a New Year's rally started at 8:00

am in front of the BRRi Cooperative Market and paraded through various roads of the BRRi headquarters. BRRi Director General Dr Mohammad Khalequzzaman led the rally. Following the rally, he extended New Year's greetings to all in his speech. Heads of all divisions and sections, along with scientists, officers,

employees and labourers, as well as teachers and students of BRRi High School and BRRi Progoti Primary School, participated in the rally.

See page 5

## “ইনভেশন ইন রিসাইক্লিং অর্গানিক ওয়েস্ট ফর লো-কস্ট এন্ড লেবার ইফিসিয়েন্ট সয়েল ইমপ্রুভমেন্ট ইন সাউথ এশিয়া” শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

গত ১৬ জুন ২০২৫ গাজীপুরস্থ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে “ইনভেশন ইন রিসাইক্লিং অর্গানিক ওয়েস্ট ফর লো-কস্ট এন্ড লেবার ইফিসিয়েন্ট সয়েল ইমপ্রুভমেন্ট ইন সাউথ এশিয়া” শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ব্রি মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জি কে এম মোস্তাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্রি পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্সুরজান খানম। কর্মশালায় সম্মানিত অতিথি ছিলেন যুক্তরাজ্যের এবারডিন বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ বায়োলজিক্যাল সায়েন্সের প্রফেসর পিট স্মিথ এবং প্রফেসর জো স্মিথ।

স্বাগত বক্তব্য রাখেন ব্রি মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. উম্মে আমিনুন নাহার।

ব্রি মৃত্তিকা বিজ্ঞান বিভাগ কর্তৃক আয়োজিত কর্মশালায় বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশ নেন।

## A day-long workshop titled “Innovation in Recycling Organic Waste for Low-Cost and Labor Efficient Soil Improvement in South Asia” was held

A day-long workshop titled “Innovation in Recycling Organic Waste for Low-Cost and Labor-Efficient Soil Improvement in South Asia” was held at the Bangladesh Rice Research Institute (BRRi) headquarters in Gazipur on 16 June 2025. The workshop was chaired by BRRi Director General Dr Mohammad Khalequzzaman, while the Vice Chancellor of Gazipur Agricultural University, Professor Dr GKM Mostafizur Rahman, attended the

event as the chief guest. BRRi Director (Research) Dr Md Rafiqul Islam and Director (Administration and common Service) Dr Munnujan Khanam spoke as special guests. Professor Pete Smith and Professor Joe Smith from the School of Biological Sciences, University of Aberdeen, UK were present as special guests. The welcome address was delivered by Dr Umme Aminun Nahar, Principal Scientific Officer of the Soil Science Division of BRRi.

Representatives from various universities and research institutions participated in the workshop, which was organized by the Soil Science Division of BRRi.



ব্রি সদর দপ্তরে “ইনভেশন ইন রিসাইক্লিং অর্গানিক ওয়েস্ট ফর লো-কস্ট এন্ড লেবার ইফিসিয়েন্ট সয়েল ইমপ্রুভমেন্ট ইন সাউথ এশিয়া” শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়

## ব্রি উদ্ভাবিত 'রাইস ট্রান্সপ্লান্টার ব্যবহার

প্রথম পৃষ্ঠার পর

(বাংলাদেশ কৃষি গবেষণা এন্ড উইন্সেট ট্রাস্ট) এর অর্থায়নে ব্রি ফার্ম মেশিনারি এন্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি (এফএমপিএইচটি) বিভাগ এ প্রকল্প বাস্তবায়ন করে।

ব্রি মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান এর সভাপতিত্বে ট্রেনিং কমপ্লেক্সে ভবনে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ড. নাথু রাম সরকার, ব্রি পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্সুজান খানম, ব্রি পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং কৃষি গবেষণা ফাউন্ডেশনের সিনিয়র স্পেশালিস্ট (জলবায়ু ও প্রাকৃতিক সম্পদ) ড. মো. মনোয়ার করিম খান।

স্বাগত বক্তব্য রাখেন ব্রি এফএমপিএইচটি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান ড. মো. দুররুল হুদা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভিআরটিএইচবি প্রকল্পের প্রধান গবেষক এবং এফএমপিএইচটি বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আনোয়ার হোসেন। কর্মশালায় প্রকল্পের প্রধান গবেষক ড. মো. আনোয়ার হোসেন জানান, ব্রি উদ্ভাবিত "রাইস ট্রান্সপ্লান্টার কাম ফাউন্ডেশনার অ্যাপ্লিকেশন" প্রযুক্তির মাধ্যমে তিন বছরের ব্যবধানে হবিগঞ্জ ও সিরাজগঞ্জ জেলার বিভিন্ন মওসুমে মোট ১৮টি মাঠ পরীক্ষা পরিচালনা করা হয়। পরীক্ষায় দেখা যায়, মাটির গভীরে ২০-৩০% পর্যন্ত কম ইউরিয়া সার প্রয়োগ করে যন্ত্রচালিত রোপণ পদ্ধতিতে ধানের ফলন সর্বোচ্চ পাওয়া যায়। পাশাপাশি, এই প্রযুক্তি ব্যবহারের ফলে রোপণ খরচ ২০-২৫% কমানো এবং ধানের ফলন ১০-১৫% পর্যন্ত বৃদ্ধি করা সম্ভব। বিশেষভাবে উল্লেখযোগ্য, মেশিনের মাধ্যমে মাটির গভীরে সার প্রয়োগ করে নাইট্রোজেনের কার্যকর ব্যবহার নিশ্চিত করা সম্ভব, যা পরিবেশগত দিক থেকেও টেকসই। যন্ত্রটির মাঠ দক্ষতা জমি ভেদে ৫০% থেকে ৮১% পর্যন্ত পাওয়া গেছে, যা ধানের চাষে সময় ও শ্রম সাশ্রয়ে কার্যকর। সবচেয়ে ভালো ফলাফল পাওয়া গেছে ৮০% ইউরিয়া সার মাটির গভীরে প্রয়োগের ক্ষেত্রে, যেখানে বিসিআর (লাভ-খরচ অনুপাত) ১.৭৮ পর্যন্ত পাওয়া গেছে।

অন্যদিকে, উক্ত প্রকল্পের আওতায় গাজীপুরস্থ ব্রি সদর দপ্তরে পরিচালিত এক গবেষণায় প্রমাণিত হয়েছে, ম্যাট টাইপ চারা উৎপাদনে ১০০-১১০ গ্রাম/ফ্রে বীজ ব্যবহার করলে হাইব্রিড ধানে চারা সবল হয় ও যন্ত্রচালিত রোপণে হিল মিসিং অনেক কম হয়। প্রধান গবেষক আরও জানান, ২০২১ থেকে ২০২৪ সাল পর্যন্ত পাঁচটি মওসুমে মোট ২২টি মাঠ পরীক্ষায় Yanmar, Kubota, Zoomlion, Lovol, Marksan, Daedong সহ মোট আটটি ব্র্যান্ডের হেড-ফিড ও হোল-ফিড কন্সট্রাক্টর মেশিন পরীক্ষা করা হয়। গবেষণায় দেখা যায়, হেড-ফিড হারভেস্টারে ধানের ফলনোত্তর অপচয় (০.৭৩%) হোল-ফিড কন্সট্রাক্টরের (১.১৭%) তুলনায় কম। তবে, কন্সট্রাক্টর মেশিন অধিক গতিতে চালালে ধানের অপচয় সর্বোচ্চ ৫.১৮% পর্যন্ত পাওয়া গেছে।

অন্যদিকে, জমির দৈর্ঘ্য ৫০-৬০ মিটার বা তার অধিক হলে যন্ত্রের কার্যক্ষমতা এবং দক্ষতা অনেক বেড়ে যায়। চালকের দক্ষতা, চালানোর সময় গতি, ধানের ঘনত্ব, কর্তনের উচ্চতা ইত্যাদি মেশিনের কার্যক্ষমতা এবং দক্ষতায় ব্যাপক প্রভাব ফেলে। কন্সট্রাক্টরের ব্যবহার কৃষকের শ্রমনির্ভরতা এবং খরচ ৪০-৫০% পর্যন্ত হ্রাস করা সম্ভব। মূল প্রবন্ধে আরও জানানো হয়, আগাছা নিয়ন্ত্রণে ব্রি উদ্ভাবিত মাল্টিরো পাওয়ার উইডার যন্ত্রের মাধ্যমে ১৬টি ট্রায়াল পরিচালিত হয়। এতে দেখা যায়, ৮৯.২২% পর্যন্ত আগাছা দমনে সক্ষমতা অর্জন করেছে যন্ত্রটি। এ যন্ত্রের মাধ্যমে মওসুমভেদে হেক্টর প্রতি গড়ে ছয় থেকে দশ হাজার টাকা সাশ্রয় করা সম্ভব।

## Using BRRI-Invented Rice Transplanter

The project was implemented by BRRI's Farm Machinery and Post-Harvest Technology (FMPHT) Division with financial support from the Krishi Gobeshona Foundation (KGF) and the Bangladesh Krishi Gobeshona Endowment Trust (BKGET). The workshop, held at the BRRI Training Complex, was chaired by BRRI Director General Dr Mohammad Khalequzzaman. Dr Najmun Nahar Karim, Executive Chairman of the Bangladesh Agricultural Research Council (BARC) attended the event as the chief guest. Dr Nathu Ram Sarker, Executive Director of KGF; Dr Munnujan Khanam, Director (Administration and Common Service), BRRI; Dr Md Rafiqul Islam, Director (Research), BRRI; and Dr Md Monowar Karim Khan, Senior Specialist (Climate and Natural Resources), KGF were present as special guest. The welcome address was delivered by Dr Md Durrul Huda, Chief Scientific Officer and Head of the FMPHT Division, BRRI.

The keynote paper was presented by Dr Md Anwar Hossain, Principal Investigator of the VRTHB Project and Principal Scientific Officer of the FMPHT Division. He reported that 18 field trials were conducted over three years in different seasons in Habiganj and Sirajganj districts using BRRI's Rice Transplanter cum Fertilizer Applicator. The trials showed that placing 20–30 percent less urea fertilizer directly into the soil through mechanized transplanting produced the highest rice yields.

At the same time, the technology significantly reduced planting costs and increased yield. Deep placement of fertilizer ensured efficient use of nitrogen, making the system both economically and environmentally sustainable. The machine's field efficiency ranged from 50 to 81 percent, depending on land conditions, saving valuable labour and time. The best results were achieved when 80 percent of urea was applied deep into the soil, producing a Benefit–Cost Ratio (BCR) of up to 1.78.

Another study at BRRI headquarters in Gazipur showed that for mat-type seedlings, using 100–110 grams of seed per tray produced strong hybrid seedlings and reduced missing hills during mechanized transplanting.

Dr Anwar Hossain also reported that from 2021 to 2024, 22 field trials were conducted over five seasons to evaluate eight brands of combine harvesters, including Yanmar, Kubota, and Takaoka. Post-harvest grain loss was found to be lower in head-feed harvesters (0.73%) than in whole-feed harvesters (1.17%), although losses increased to up to 5.18 percent at higher operating speeds. Longer field lengths (50–60 meters or more), skilled operators, and proper driving speed significantly improved harvesting efficiency. Overall, the use of combine harvesters reduced farmers' labour requirements and costs by 40–50 percent.

The project also tested BRRI's multi-row power weeder in 16 trials, achieving up to 89.22 percent weed control efficiency. Depending on the season, farmers saved BDT 6,000–10,000 per hectare through the use of this machine.

## ব্রিতে কর্মশালা অনুষ্ঠিত

প্রথম পৃষ্ঠার পর

গাজীপুরস্থ ব্রি সদর দপ্তরে 'নতুন ৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন (এলএসটিডি)' শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক কর্মশালায় এসব তথ্য জানানো হয়। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ ২০২৩ সালের ১ জুলাই থেকে ২০২৮ সালের ৩০ জুন পর্যন্ত।

ব্রি মিলনায়তনে অনুষ্ঠিত কর্মশালায় সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিচালনা অনুবিভাগ) মো. মাহবুবুল হক পাটওয়ারী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্সুজান খানম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক ড. মো. মোফাজ্জল হোসেন।

মূল প্রবন্ধে বলা হয়, ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে পরিবর্তিত জলবায়ুর সাথে মিল রেখে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নসহ ব্রির মূল গবেষণা কার্যক্রমকে সহায়তা করাই এলএসটিডি প্রকল্পের মূল উদ্দেশ্য। আঞ্চলিক কার্যালয় এবং স্যাটেলাইট স্টেশন স্থাপন ছাড়াও এ প্রকল্পের উদ্দেশ্যের মধ্যে রয়েছে স্থানভিত্তিক ছয়টি নতুন জাত এবং ২০টি প্রযুক্তি উদ্ভাবন। স্থানভিত্তিক সমস্যা নিরূপণ (কৃষিতে অনগ্রসর দক্ষিণাঞ্চল ও পাহাড়ি এলাকাসহ) কার্যকরী সমাধানের উদ্যোগ গ্রহণ এবং প্রয়োগিক গবেষণা জোরদারকরণ। ব্রির বিদ্যমান ১১টি আঞ্চলিক কার্যালয়ের গবেষণা ল্যাব জোরদারকরণ এবং প্রস্তাবিত আঞ্চলিক কার্যালয়ে গবেষণা ল্যাব উন্নয়ন। সারাদেশে মোট ১৫টি 'প্রযুক্তি গ্রাম' স্থাপনের মাধ্যমে ব্রি উদ্ভাবিত প্রযুক্তিসমূহ দ্রুত সময়ে কৃষক পর্যায়ে নিয়ে যাওয়া। মূল প্রবন্ধে প্রকল্পের অগ্রগতি তুলে ধরে জানানো হয়, একটি জাতের উদ্ভাবন প্রক্রিয়ায়ীন এবং পাঁচটি প্রযুক্তি উদ্ভাবনের কাজ চলমান। এছাড়াও ব্রি আঞ্চলিক কার্যালয় এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক সহযোগিতায় প্রাথমিকভাবে ১৫টি প্রযুক্তি গ্রাম নির্বাচন করা হয়েছে। প্রযুক্তি গ্রামগুলোতে "সার্ভিস প্রোভাইডার" নির্বাচন করে ব্রি উদ্ভাবিত প্রযুক্তির প্রদর্শনী এবং কৃষকদের প্রযুক্তি বিষয়ক কলাকৌশলগত সেবা ও প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ব্রি উদ্ভাবিত উফশী আমন জাতের ধান চাষাবাদে উদ্বুদ্ধকরণে স্থানীয় কৃষকদের জন্য ১৬টি মাঠ দিবস ও ফসল কর্তন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

## ব্রি পরিদর্শনে এনডিসি প্রতিনিধি দল

দ্বিতীয় পৃষ্ঠার পর

অত্যন্ত প্রাণবন্ত প্রশ্নোত্তর পর্বটি ছিল অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম, ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্সুজান খানম। অনুষ্ঠানে পরিদর্শন দলের প্রতিনিধিদের হাতে ব্রির পক্ষ থেকে ক্রেস্ট ও বিভিন্ন উপহার সামগ্রী তুলে দেয়া হয়।

অনুষ্ঠানে ব্রির বিভাগীয় প্রধানগণ, উর্ধ্বতন বিজ্ঞানী, কর্মকর্তাগণ অংশ নেন। নিয়মিত শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে এ সফরে দু'পক্ষের মধ্যে গবেষণা ও উন্নয়ন বিষয়ক ধারণা ও জ্ঞান এবং পারস্পারিক সৌহার্দ্য বিনিময় হয়েছে।

## Bangla New Year 1432

After page 3

In addition, a cultural programme was organized at the BRRi school field to mark the celebration of the Bangla New Year.

এপ্রিল-জুন ২০২৫

## Workshop held at BRRi

After page 1

quality seed production, processing, and preservation at the farmers' level are being carried out to increase the average yield of BRRi-released varieties. Higher education opportunities for BRRi personnel are being facilitated to strengthen research and innovation, while training programmes for BRRi personnel, agricultural extension workers, and farmers are being conducted to enhance technology transfer and skills development.

These updates were shared at a workshop held on on 21 June 2025 at the BRRi headquarters in Gazipur on the Implementation Progress of the Project: "Establishment of Six New Regional Stations for Location-Specific Rice Variety and Technology Development and Improvement of Existing Research Laboratories (LSTD)". The project will be implemented from 1 July 2023 to 30 June 2028.

BRRi Director General Dr Mohammad Khalequzzaman presided over the workshop while Md Mahbubul Haque Patwary, Additional Secretary (Planning Wing) of Ministry of Agriculture, attended as the chief guest. BRRi Director (Research) Dr Md Rafiqul Islam, and Director (Administration and Common Service) Dr Munnujan Khanam were present as special guests. The keynote paper was presented by Project Director Dr Md Mofazzel Hossain. In his keynote presentation Dr Md Mofazzel Hossain stated that the main objective of the LSTD project is to support BRRi's core research by developing and improving location-specific rice varieties and technologies in response to changing climate conditions, there by ensuring food and nutritional security for the growing population. Besides establishing new regional stations and satellite stations, the project aims to develop six new rice varieties and 20 new technologies, address location-specific agricultural challenges (including disadvantaged southern and hilly regions), and strengthen applied research. The project also seeks to enhance the research capacity of BRRi's existing 11 regional stations and to develop modern laboratories in the proposed new stations. To accelerate technology transfer, 15 "Technology Villages" are being established across the country, where BRRi innovations will be demonstrated directly to farmers. So far, one new variety is in the development pipeline, and work on five new technologies is underway. The 15 Technology villages have already been initially selected with support from BRRi's regional stations and the Department of Agricultural Extension (DAE). In these villages, "Service Providers" have been selected to demonstrate BRRi-developed technologies and provide farmers with technical services and training.

## BRRi RCGS Project

After page 2

Md Iftekharuddaula delivered the welcome address. Chief Scientific Officer of Plant Breeding Division Dr Partha Sarathi Biswas presented the keynote paper of the workshop.

৫ ধান গবেষণা সমাচার

# মিডিয়া কর্মশালার আলোকচিত্র



আবহাওয়ার পূর্বাভাস-ভিত্তিক কৃষি পরামর্শ প্রচারে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ভূমিকা' শীর্ষক দিনব্যাপী কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন ব্রিগ মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান



আবহাওয়ার পূর্বাভাস-ভিত্তিক কৃষি পরামর্শ প্রচারে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ভূমিকা' শীর্ষক দিনব্যাপী কর্মশালায় অংশগ্রহণকারীদের সাথে ব্রিগ পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম।

# বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপনের আলোকচিত্র





### উপদেষ্টামণ্ডলী

ড. মোহাম্মদ খালেদুজ্জামান  
ড. মো. রফিকুল ইসলাম  
ড. মুন্সুরুল খানম

### সম্পাদনায়

মো. রাশেল রানা  
রকিব আহমেদ

### সহযোগিতায়

সকল বিভাগীয় প্রধান ও  
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

### প্রফ রিডিং

তাহমিনা সুলতানা

### ছবি

মো. মাসুম রানা

### গ্রাফিক্স ডিজাইন

রিয়াজুল ইসলাম রানা

### মুদ্রণ

অক্ষর প্রিন্টিং প্রেস  
গাজীপুর

কপির সংখ্যা: ২,০০০

প্রকাশনা নম্বর: ৪৫২

প্রকাশকাল: নভেম্বর ২০২৫



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দকে সঙ্গে নিয়ে গবেষণা মাঠ পরিদর্শন করছেন ব্রি মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান

## Seminar held in BRRI during April to June 2025

Speaker	Topic	Date
<b>Dr Bidhan Chandra Nath</b> SSO, FMPHT Division BRRI	Thermochemical Conversion and Upgrading of Wheat Straw Biomass into Solid Fuel for On-Farm Applications	10 Apr
<b>Dr Musherraf Husain</b> Former CSO, Adaptive Res Division BRRI	Morality in professional and personal life	24 Apr
<b>Dr Mir Sharf Uddin Ahmed</b> PSO, GRS Division BRRI	Implementation of panicle to row method and proper isolation distance in breeder seed production of BRRI	08 May
<b>Dr Mir Sharf Uddin Ahmed</b> PSO, GRS Division BRRI	Implementation of panicle to row method and proper isolation distance in breeder seed production of BRRI	08 May
<b>Representatives of Bangladesh National Scientific and Technical Documentation Centre (BANSDOC), Dhaka</b>	Notification regarding BANSDOC's information services and e-services	22 May
<b>Md Iftekhar Mahmud Akhand</b> SSO, Agronomy Division BRRI	Multi-criteria performance evaluation of Direct seeded rice-based cropping systems in the Philippines.	26 Jun

প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।

ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০

ই-মেইল: dg@bri.gov.bd, brrihq@yahoo.com, ওয়েবসাইট: www.bri.gov.bd, www.knowledgebank-bri.org